

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২০ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.২২.০০৪.২৩-৩৪০


তারিখ: ২০-০৫-২০২৪ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ আইন, ২০১৭ এর ধারা ১০ এর অধীন গঠিত উপদেষ্টা পরিষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী মোটরসাইকেল চালক এবং তার সহযাত্রীকে আবশ্যিকভাবে বিএসটিআই কর্তৃক নির্ধারিত মানের হেলমেট পরিধান করতে হবে। কোন মোটরসাইকেল চালক ও সহযাত্রী হেলমেট ব্যবহার না করলে উক্ত মোটরসাইকেলে কোন প্রকার জ্বালানি সরবরাহ করা যাবে না। এই প্রেক্ষিতে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ১২৪ এর ক্ষমতাবলে মোটরসাইকেলের চালক ও সহযাত্রীদের জন্য 'নো হেলমেট, নো ফুয়েল' নির্দেশনা জারি করা হলো।

০২। মোটরসাইকেলের চালক/রিফুয়েলিং স্টেশনের মালিকগণ এই নির্দেশনা অনুসরণ করবেন। অন্যথায় আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক সংশ্লিষ্টদের বিরুদ্ধে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৯২(১) ধারা অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২০.৫.২০২৪
মোঃ মনিরুল আলম
উপসচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.২২.০০৪.২৩-৩৪০/১(১৯)

তারিখ: ২০-০৫-২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা
৪. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. চেয়ারম্যান (গ্রেড-১), বিআরটিএ, সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
৬. অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ, ৩৪ শাহজালাল এভিনিউ, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
৭. প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার (সকল)
৯. পুলিশ কমিশনার (সকল)
১০. ডিআইজি রেঞ্জ (সকল)
১১. মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. জেলা প্রশাসক (সকল)
১৩. পুলিশ সুপার (সকল)
১৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশের অনুরোধসহ)
১৫. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল থানা)
১৯. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ রিফুয়েলিং স্টেশন মালিক সমিতি, ৮০/২, ফোর-৩, ডিআইপি রোড, ঢাকা-১০০০ (নির্দেশনাটি সকল রিফুয়েলিং স্টেশন মালিকগণকে অবহিত করে কার্যকর করার জন্য অনুরোধ করা হলো)